

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফোনঃ ০২-৮৮৭৯৩১৫

স্মারক নং-

৪৯৬ (১৫)-২

E-mail: seae@rhd.gov.bd।

তারিখঃ ২৭/০৮/১৬

বিষয়ঃ ঝুঁকিপূর্ণ সেতুর তালিকা ও সতর্কীকরণ সাইনবোর্ড স্থাপন প্রসঙ্গে।

সূত্রঃ অত্র দপ্তর স্মারক নং-৪১০(১১)-ই তারিখ ০৪-০৪-২০১৮।

উপরোক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাঠপর্যায়ের জোনাধীন সড়ক বিভাগসমূহে বিদ্যমান সেতুগুলোর মধ্যে যে সকল সেতু ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে সে সকল সেতুগুলোতে সতর্কীকরণ সাইনবোর্ড স্থাপন করা হয়েছে কিনা এবং সেতুগুলো মেরামতের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা, হয়ে থাকলে উহার তথ্যাদি নিম্নোক্ত ছকানুযায়ী জরুরী ভিত্তিতে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য সূত্রোক্ত স্মারকপত্র মাধ্যমে অনুরোধ পত্র মাঠপর্যায়ের জোনাধীন সকল অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণকে প্রেরণ করা হয়েছিল। কিন্তু সূত্রোক্ত স্মারকপত্রের চাহিদা মোতাবেক তার দপ্তরাধীন বিদ্যমান ঝুঁকিপূর্ণ সেতুগুলোর তথ্যাদি অদ্যাবধি পাওয়া যায়নি, ফলে মন্ত্রণালয়ের চলতি মাসের মাসিক সমন্বয় সভায় বিব্রতকর পরিস্থিতির মুখে পড়তে হয়, যা মোটেও কাম্য নয়।

ক্রম	সড়ক বিভাগের নাম	সড়কের নাম	ঝুঁকিপূর্ণ সেতুর নাম	ঝুঁকিপূর্ণ সেতুর অবস্থান	সতর্কীকরণ/বিধি নিষেধ সম্বলিত সাইনবোর্ড স্থাপন করা হয়েছে কিনা? হয়ে থাকলে উহার বিবরণ	সেতু মেরামতের জন্য গৃহীত ব্যবস্থা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

এমতাবস্থায়, সূত্রোক্ত স্মারকপত্রের চাহিদা অনুযায়ী তার দপ্তরাধীন বিদ্যমান ঝুঁকিপূর্ণ সেতুগুলোর তথ্যাদি আগামী ২৬-০৪-২০১৮ তারিখের মধ্যে উপরোক্ত ছকে সন্নিবেশিত করে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

বরাবর

নির্বাহী প্রকৌশলী, সওজ

সড়ক বিভাগ,

(মোঃ মনিরুজ্জামান)

পরিচিতি নং-০০০৪২২

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ

প্রশাসন ও সংস্থাপন

সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :-

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা/ময়মনসিংহ জোন, ময়মনসিংহ/কুমিল্লা জোন, কুমিল্লা/ রাজশাহী জোন, রাজশাহী/বরিশাল জোন, বরিশাল/খুলনা জোন, খুলনা/চট্টগ্রাম জোন, চট্টগ্রাম/রংপুর জোন, রংপুর/সিলেট জোন, সিলেট/গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ।

যে সকল সড়ক বিভাগ হতে তথ্য পাওয়া গিয়েছে

ক্রমিক নং	সড়ক বিভাগের নাম
১.	সড়ক বিভাগ, মাগুরা।
২.	সড়ক বিভাগ, রংপুর।
৩.	সড়ক বিভাগ, শেরপুর।
৪.	সড়ক বিভাগ, ব্রাহ্মনবাড়ীয়া।
৫.	সড়ক বিভাগ, দিনাজপুর।
৬.	সড়ক বিভাগ, ভোলা।
৭.	সড়ক বিভাগ, চাঁপাই নবাবগঞ্জ।
৮.	সড়ক বিভাগ, বরগুনা।
৯.	সড়ক বিভাগ, পটুয়াখালী।
১০.	সড়ক বিভাগ, কক্সবাজার।
১১.	সড়ক বিভাগ, খাগড়াছড়ি।
১২.	সড়ক বিভাগ, শরীয়তপুর।
১৩.	সড়ক বিভাগ, মানিকগঞ্জ।
১৪.	সড়ক বিভাগ, সিরাজগঞ্জ।
১৫.	সড়ক বিভাগ, পিরোজপুর।
১৬.	সড়ক বিভাগ, কুমিল্লা।
১৭.	সড়ক বিভাগ, চাঁদপুর।
১৮.	সড়ক বিভাগ, ফেনী।
১৯.	সড়ক বিভাগ, লক্ষ্মীপুর।
২০.	সড়ক বিভাগ, নীলফামারী।
২১.	সড়ক বিভাগ, চুয়াডাঙ্গা।
২২.	সড়ক বিভাগ, ঝালকাঠি।
২৩.	সড়ক বিভাগ, বরিশাল।
২৪.	সড়ক বিভাগ, ফরিদপুর।
২৫.	সড়ক বিভাগ, রাজবাড়ী।
২৬.	সড়ক বিভাগ, শরীয়তপুর।
২৭.	সড়ক বিভাগ, রাজশাহী।
২৮.	সড়ক বিভাগ, সুনামগঞ্জ।
২৯.	সড়ক বিভাগ, ঠাকুরগাঁও।
৩০.	সড়ক বিভাগ, নোয়াখালী।
৩১.	সড়ক বিভাগ, গোপালগঞ্জ।
৩২.	সড়ক বিভাগ, মাদারীপুর।
৩৩.	সড়ক বিভাগ, বগুড়া।